

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.০৮৮.২৪.৭১

তারিখ: ১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
১৫ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১- খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অর্থনৈতিক কোড নং: ৪১২৪১০১-চাল ক্রয় খাতে  
অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শেরপুর এর স্মারক নং: ২৭ তারিখ: ০৫.০১.২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১- খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অপারেশন কোড নং: ১২০০০২৬০৫ এর অন্তর্গত অর্থনৈতিক কোড নং: ৪১২৪১০১-চাল ক্রয় খাতে শেরপুর জেলার নিয়োক্ত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরের নামের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ থেকে গত অর্থবছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধ করা যেতে পারে।

ক্র. নং	অর্থনৈতিক কোড নং	খাতের নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
১	৪১২৪১০১	চাল ক্রয়	নালিতাবাড়ী	২,২০,১১,৯০০ (দুই কোটি বিশ লাখ এগারো হাজার নয়শত) টাকা
মোট =				২,২০,১১,৯০০ (দুই কোটি বিশ লাখ এগারো হাজার নয়শত) টাকা মাত্র

উল্লেখ্য যে, গত ২৬.১.২০২৪ খ্রি. তারিখের ১৫০ নং স্মারকে শেরপুর সদর অনুকূলে ১৭,৯৯,৬৮,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে বিধায় এক্ষণে শেরপুর সদর উপজেলার অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করা হলো না।

এই বরাদ্দ ব্যবহারে নিয়োক্ত শর্তাবলি/নিয়মাবলি পালন করতে হবে।

(ক) এই ব্যয় ২০২৪-২৫ অর্থবছরের সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে।

(খ) এই অর্থ সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণে ব্যয় করতে হবে।

প্রাপ্তি পৃষ্ঠাংকনপূর্বক সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
১৫-০১-২০২৫  
মোঃ শেখ আসাদুজ্জামান  
সহকারী উপপরিচালক

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.০৮৮.২৪.৭১/১ (৭)

১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শেরপুর। বরাদ্দ পত্রটির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শেরপুর।
- মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নালিতাবাড়ী, শেরপুর।
- উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নালিতাবাড়ী, শেরপুর।
- অফিস কপি/মাস্টার কপি।



১৫-০১-২০২৫  
মোঃ শেখ আসাদুজ্জামান  
সহকারী উপপরিচালক